# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৫২৫

২৫/ চিকিৎসা (كتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/৩৬. মহানবী ﷺ যে দোয়া পড়ে ঝাড়ফুঁক করেছেন এবং তাঁকে যে দোয়া পড়ে ঝাড়ফুঁক করা হয়েছে

بَاب مَا عَوَّذَ بِهِ النَّبِيُّ ﷺ وَمَا عُوِّذَ بِهِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سُلَيْمَانَ بْنِ هِشَامٍ الْبَغْدَادِيُّ، حَدَّثَنَا وَكِيعٌ، ح وَحَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ خَلاَّدٍ الْبَاهِلِيُّ، حَدَّثَنَا أَبُو عَامِرٍ، قَالاَ حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ مَنْصُورٍ، عَنْ مِنْهَالٍ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ كَانَ النَّبِيُّ ـ صلى الله عليه وسلم ـ يُعَوِّذُ الْحَسَنَ وَالْحُسَيْنَ يَقُولُ " أَعُوذُ بِكَلِمَاتِ اللَّهِ التَّامَّةِ مِنْ كُلِّ شَيْطَانٍ وَهَامَّةٍ وَمِنْ كُلِّ عَيْنٍ لاَمَّةٍ " . قَالَ " وَكَانَ أَبُونَا إِبْرَاهِيمُ يُعَوِّذُ بِهَا إِسْمَاعِيلَ وَإِسْحَاقَ " . أَوْ قَالَ " إِسْمَاعِيلَ وَيَعْقُوبَ " . وَهَذَا حَدِيثُ وَكِيعٍ .

বাংলা

৬/৩৫২৫। ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাসান ও হুসাইন (রাঃ) কে ঝাড়ফুঁক করে বলতেনঃ ’’আউযু বিকালিমা তিল্লাহি তাম্মাতি মিন কুল্লি শাইতানিন ওয়া হাম্মাতিন ওয়া মিন কুল্লি আয়নিল লাম্মাতিন’’ (আমি আল্লাহর পরিপূর্ণ কল্যাণময় বাক্যাবলীর উসীলায় প্রতিটি শয়তান, প্রাণনাশী বিষাক্ত জীব ও অনিষ্টকারী বদনজর থেকে আশ্রয় প্রার্থনা করছি)। তিনি বলতেনঃ আমাদের পিতা ইবরাহীম (আ) ইসমাঈল ও ইসহাক (আ) -কে এই দোয়া পড়ে ঝাড়ফুঁক করতেন অথবা রাবী বলেছেন, ইসমাঈল ও ইয়াকূব (আ)-কে ঝাড়ফুঁক করতেন। শেষোক্ত বর্ণনা ওয়াকী (রাঃ)-এর।

## English

It was narrated that Ibn ‘Abbas said:
“The Prophet (ﷺ) used to seek refuge for Hasan and Husain and say: A’udhu bi kalimatil-lahil- tammati, min kulli shaitanin wa hammah, wa min kulli ‘aynin lammah (I seek refuge for you both in the Perfect Words of Allah, from every devil and every poisonous reptile, and from every evil eye).’ And he would say: ‘Thus Ibrahim used to seek refuge with Allah for Isma’il and

Ishaq,’ or he said: ‘for Isma’il and Ya’qub.’”

ফুটনোট

সহীহুল বুখারী ৩৩৭১, তিরমিযী ২০৬০, আবূ দাউদ ৪৭৩৭, আহমাদ ২৪৩০, রাওদুন নাদীর ৫৩৯। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ১. মুহাম্মাদ বিন সুলায়মান বিন হিশাম আল-বাগদাদী সম্পর্কে আবুল আব্বাস বিন উকবাহ বলেন, তার বিষয়টি সমালচিত। আবুল ফারাজ ইবনুল জাওযী বলেন, তার জাল (বানোয়াট) হাদিস বর্ণনার ব্যাপারে অভিযোগ রয়েছে। আবু আলী আল-হাফিয আন-নায়সাবুরী বলেন, তিনি দুর্বল। আবু হাতিম বিন হিব্বান তার দুআফা গ্রন্থে তার নাম উল্লেখ করেছেন। ইবনু হাজার আল-আসকালানী ও ইমাম দারাকুতনী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫২৬৩, ২৫/৩১১ নং পৃষ্ঠা) ২. মিনহাল সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন তার চেয়ে আবু বিশর আমার নিকট ভালো। আবু মুহাম্মাদ বিন হাযম তাকে দুর্বল বলেছেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি সিকাহ। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬২১০, ২৮/৫৬৮ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটির ৭৭ টি শাহিদ হাদিস রয়েছে, ১ টি জাল, ১৯ টি খুবই দুর্বল, ১৯ টি দুর্বল, ২২ টি হাসান, ১৬ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ৩৩৭১, তিরমিযি ২০৬০, আবু দাউদ ৪৭৩৭, আহমাদ ২১১৩, ২৪৩০, মুসান্নাফ আবদুর রাযযাক ৭৯৮৭, মু'জামুল আওসাত ২২৭৫, ৪৭৯৩, ৪৮৯৯, ৯১৮৩, শারহুস সুন্নাহ ১৪১৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44489

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন